

## **া** সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০৬৩, ২০৬৪]

২৬/ ক্রয় - বিক্রয় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১২৮৭. মহান আল্লাহ্ তা'আলার বাণীঃ যখন তারা দেখল ব্যাবসা ও কৌতুক তখন তারা আপনাকে দাঁড়ানো অবস্থায় রেখে সেদিকে ছুটে গেল। (৬২:১১) এবং মহান আল্লাহ্ তা'আলার বানী: সে সব লোক, যাদেরকে ব্যাবসা-বানিজ্য ও ক্রয়-বিক্রয় মহান আল্লাহ্ তা'আলার যিকির থেকে গাফিল রাখেনা। হযরত কাতাদা (রাঃ) বলেন, সাহাবীগন (রাঃ) ব্যাবসা-বানিজ্য করতেন বটে, কিন্তু যখন তাদের সামনে মহান আল্লাহ্ তা'আলার কোন হক এসে উপস্থিত হতো, যতক্ষন না তাঁরা এ হক মহান আল্লাহ্ তা'আলার সমীপে আদায় করে দিতেন, ততক্ষন ব্যাবসা-বানিজ্য ও ক্রয়-বিক্রয় মহান আল্লাহ্ তা'আলার যিকির থেকে গাফেল করতে পারতনা।

بَابُ: {وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهُوًا انْفَضُوا إِلَيْهَا} وَقَوْلُهُ جَلَّ ذِكْرُهُ: {رِجَالٌ لاَ تُلْهِيهِمْ تِجَارَةٌ وَلاَ بَيْعٌ عَنْ ذِكْرِ اللَّهِ} وَقَالَ قَتَادَةُ كَانَ الْقَوْمُ يَتَّجِرُونَ، وَلَكِنَّهُمْ كَانُوا إِذَا نَابَهُمْ حَقٌّ مِنْ حُقُوقِ اللَّهِ لَمْ تُلْهِهِمْ تِجَارَةٌ وَلاَ بَيْعٌ عَنْ ذِكْرِ اللَّهِ، حَتَّى يُؤَدُّوهُ إِلَى اللَّهِ

## আরবী

حَدَّتَنِي مُحَمَّدٌ، قَالَ حَدَّتَنِي مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنْ حُصَيْنٍ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ، عَنْ جَابِرٍ ـ رضى الله عنه ـ قَالَ أَقْبَلَتْ عِيرٌ، وَنَحْنُ نُصَلِّي مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم الْجُمُعَة، فَانْفَضَّ النَّاسُ إِلاَّ اثْنَىْ عَشَرَ رَجُلاً، فَنَزَلَتْ هَذِهِ الآيَةُ (وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهُوًا انْفَضُوا إِلَيْهَا وَتَرَكُوكَ قَائِمًا)

বাংলা

باب التِّجَارَةِ فِي الْبَحْرِ

وَقَالَ مَطَرٌ لاَ بَأْسَ بِهِ وَمَا ذَكَرَهُ اللَّهُ فِي الْقُرْآنِ إِلاَّ بِحَقِّ ثُمَّ تَلاَ: (وَتَرَى الْفُلْكَ مَوَاخِرَ فِيهِ وَلِتَبْتَغُوا مِنْ فَضلْلِهِ) وَالْفُلْكُ السُّفُنُ، الْوَاحِدُ وَالْجَمْعُ سَوَاءً وَقَالَ مُجَاهِدٌ تَمْخَرُ السُّفُنُ الرِّيحَ وَلاَ تَمْخَرُ الرِّيحَ مِنَ السُّفُنِ إِلاَّ الْفُلْكُ السُّفُنُ الرِّيحَ وَلاَ تَمْخَرُ الرِّيحَ مِنَ السُّفُنِ إِلاَّ الْفُلْكُ الْعِظَامُ وَقَالَ اللَّيْثُ حَدَّثَنِي جَعْفَرُ بْنُ رَبِيعَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ هُرْمُزَ، عَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضى الله عنه ـ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنَّهُ ذَكَرَ رَجُلاً مِنْ بَنِي إِسْرَائِيلَ، خَرَجَ فِي الْبَحْرِ فَقَضَى حَاجَتَهُ. وَسَاقَ الْحَديثَ

১২৮৬. পরিচ্ছেদ: সমুদ্রে/নৌপথে ব্যাবসা-বাণিজ্য করা।



মাতার (রঃ) বলেন, এতে কোন দোষ নেই এবং তা যথাযথ বলেই মহান আল্লাহ্ তা'আলা কুরআনে এর উল্লেখ করেছেন। তারপর তিনি তিলাওয়াত করলেনঃ এবং তোমরা এতে নৌযানকে দেখতে পাও তার বুক চিরে চলাচল করে, বা এজন্য যে, তাঁর অনুগ্রহের অনুসন্ধান করতে পার। (১৬ : ১৪) আয়াতে উল্লেখিত (এএ।) 'আল-ফুলক' শব্দের অর্থ নৌযান। একবচন ও বহুবচন সমভাবে ব্যাবহৃত হয়। মুজাহিদ (রঃ) বলেন, নৌযান, বায়ু বিদীর্ন করে চলে এবং নৌযানের মধ্যে বৃহৎ নৌযানই বায়ুতে বিদীন করে চলে। লাইছ (রঃ) ... আবু হুরায়রা (রাঃ) সূত্রে রাসূল্ল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত যে, তিনি বনী ইসরাঈলের জনৈক ব্যক্তির আলোচনায় বলেন, সে নদীপথে বের হলো এবং নিজের প্রয়োজন সেরে নিল। এরপর রাবী পুরো হাদীসটি বর্ণনা করেন।

১৯৩৪. মুহাম্মাদ (রহঃ) ... জাবির (রাঃ) থেকে বর্ণিত, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে জুমআর দিন সালাত (নামায/নামাজ) আদায় করছিলাম। এমন সময় এক বানিজ্যিক কাফেলা এসে হাযির হয়, তখন বারোজন লোক ছাড়া সকলেই কাফেলার দিক ছুটে যান। তখন এই আয়াত নাযিল হয়ঃ যখন তারা দেখল ব্যাবসা ও কৌতুক, তখন তারা আপনাকে দাঁড়ান অবস্থায় রেখে সেদিকে ছুটে গেল। (৬২:১১)

## **English**

## Narrated Jabir:

A caravan arrived (at Medina) while we were offering the Jumua prayer with the Prophet. The people left out for the caravan, with the exception of twelve persons. Then this Verse was revealed: 'But when they see some bargain or some amusement, they disperse headlong to it and leave you standing." (62.11)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন